

স্নাতকোত্তর অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৫

প্রথম বর্ষ, দ্বিতীয় সেমিস্টার

বাংলা বিভাগ

কোর্স : পি জি ২.৪

বিষয় : বাংলা কবিতা - পর্ব ১

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

১। ‘মেঘনাদবধ কাব্য’কে কি ধ্রুপদী মহাকাব্য বলা যাবে? বাংলা মহাকাব্যের ধারায় ‘মেঘনাদবধ কাব্য’র গুরুত্ব নির্ণয় করো।

২+৮

অথবা

২। পাশ্চাত্য কাব্যদর্শ ও পাশ্চাত্য কবিদের প্রভাব মাইকেল মধুসূদনকে কীভাবে প্রভাবিত করেছিল ‘মেঘনাদবধ কাব্য’ অবলম্বনে আলোচনা করো।

৩। ‘স্বপ্নপ্রয়াণ’ কাব্যের ‘নন্দনপুর প্রয়াণে’ দাস্য, সখ্য, বাৎসল্য এবং অন্যান্য সর্গে বীর ও ভয়ানক রসের জোরালো উপস্থিতি লক্ষ্য করা যায়। সংক্ষেপে আলোচনা করো।

অথবা

৪। ‘স্বপ্নপ্রয়াণ’ কে রূপকের ‘অপরূপ রাজপ্রাসাদ’ বলেছিলেন রবীন্দ্রনাথ। দ্বিজেন্দ্রনাথ ঠাকুর বিরচিত ব্যতিক্রমী এই কাব্য প্রসঙ্গে উক্তিটির যথার্থতা বুঝিয়ে দাও।

৫। যে কথা মহাকাব্য বলেনি অহল্যা প্রসঙ্গটিকে কেন্দ্রে রেখে ‘অহল্যার প্রতি’ কবিতায় রবীন্দ্রনাথ সেই কথা হাজির করেছেন। কী সেই কথা যা রবীন্দ্রনাথ দেবতা ইন্দ্র কিংবা ঋষি গৌতমের প্রসঙ্গ সরিয়ে রেখে হাজির করলেন তা নিজের ভাষায় লেখো।

অথবা

৬। ‘বিজয়িনী’ কবিতায় যুদ্ধ নেই কোনও। তবুও কবিতার নাম কেন এমন হল বলে তোমার মনে হয় আলোচনা করো।

৭। “দেবতা যেখানে ছিল সেথা জ্বালাইতে গেলে ধূপ, / সেখানে বিদ্রপ”, রবীন্দ্রনাথের ‘দুর্ভাগিনী’ কবিতাটি আলোচনা প্রসঙ্গে বিশেষভাবে কবিতার এই লাইনটির তাৎপর্য বুঝিয়ে লেখো।

অথবা

৮। ‘প্রান্তিক’ কাব্যগ্রন্থের শেষ কবিতাটি কোন প্রেক্ষিতে লেখা হল সে কথা জানিয়ে ঐ কবিতায় প্রকাশিত রবীন্দ্রনাথের রাজনৈতিক অবস্থানটি বুঝিয়ে লেখো।

★ ★ ★